# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সফরের জন্য বিদায়ের সময় কোন ব্যক্তি তার ভাইয়ের জন্য কী বলে দু'আ করলে আল্লাহ তাকে হেফাযত করবে

ذِكْرُ مَا يَقُولُ الْمَرْءُ لِأَخِيهِ عِنْدَ الْوَدَاعِ فَيَحْفَظُهُ اللَّهُ فِي سَفَرِهِ

আরবী

2682 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّدٍ الدَّغَوْلِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو زُرْعَةَ الرَّازِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَائِذٍ قَالَ: حَدَّثَنَا الْهَيْثَمُ بْنُ حُمَيْدٍ قَالَ: حَدَّثَنَا الْمُطْعِمُ بْنُ الْمِقْدَامِ عَنْ مُجَاهِدٍ قَالَ: خَرَجْتُ إِلَى الْعِرَاقِ أَنَا وَرَجُلٌ مَعِي فَشَيَّعَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ فَلَمَّا أَرَادَ أَنْ يُفَارِقَنَا قَالَ: إِنَّهُ لَيْسَ مَعِي شَيْءٌ أُعطيكما وَلَكِنْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِذَا اسْتُودِعَ اللَّهُ شَيْئًا حَفِظَهُ وَإِنِّي أَسْتَوْدِعُ اللَّهَ دِينَكُمَا وأمانتكما وخواتيم عملكما).

الراوي : مُجَاهِد | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2682 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (14).

বাংলা

২৬৮২. মুজাহিদ রহিমাহুল্লাহ বলেন, “আমি এবং আরেক ব্যক্তি ইরাকের উদ্দেশ্যে বের হই। তখন আব্দুল্লাহ বিন উমার আনহুমা আমাদের বিদায় দেন। যখন তিনি আমাদের থেকে পৃথক হওয়ার ইচ্ছা করেন, তখন তিনি বলেন, “আমার কাছে এমন কিছু নেই যা আমি তোমাদের দিতে পারি। তবে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যখন আল্লাহর কাছে কোন কিছু আমানত আমানত রাখা হয়, তখন তিনি সেটাকে হেফাযত করেন। আমি আল্লাহর কাছে তোমাদের দ্বীন, আমানত ও শেষ আমল আমানত রাখছি।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৯/১৭৩; মুসনাদ আহমাদ: ২/৭; নাসাঈ: ৫০৬; ইবনু মাজাহ: ২৮২৬; তিরমিযী: ৩৪৪২; হাকিম: ২/৯৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন